

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ)
বিআরটিএ ভবন, নতুন বিমান বন্দর সড়ক, বনানী, ঢাকা
(অডিট ও আইন শাখা)
www.brta.gov.bd




স্মারক নং-৩৫.০৩.০০০০.০০৫.০৪.০৯০.২১(অংশ-১). ৯২২

তারিখঃ ০৬.০৪.২০২৩ খ্রি:

বিষয়ঃ বিআরটিএ'র ট্রাস্টি বোর্ডের কার্যক্রম অবহিতকরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সড়ক পরিবহন আইন ২০১৮ এর ৫২ ও ৫৩ ধারা অনুযায়ী সড়ক দুর্ঘটনায় কোনো ব্যক্তি আঘাতপ্রাপ্ত বা ক্ষতিগ্রস্ত বা আঘাতপ্রাপ্ত হয়ে মৃত্যুবরণ করলে ক্ষতিগ্রস্ত ব্যক্তির অনুকূলে বা মৃত ব্যক্তির উত্তরাধিকারীকে ক্ষতিপূরণ প্রদানের লক্ষ্যে আর্থিক সহায়তা তহবিল গঠন ও পরিচালনার জন্য ৫৪(১) ধারা মোতাবেক ১২ (বার) সদস্য বিশিষ্ট ট্রাস্টি বোর্ড গঠিত হয়। সড়ক পরিবহন আইন ২০১৮ এর অধীনে প্রণীত সড়ক পরিবহন বিধিমালা, ২০২২ বিগত ২৭.১২.২০২২ খ্রি. তারিখ হতে কার্যকর হওয়ায় সড়ক দুর্ঘটনায় ক্ষতিগ্রস্তদের বিধিমালার নির্ধারিত ফরমে (সড়ক পরিবহন বিধিমালা ২০২২ এর ফরম নং ৩২) আবেদনের প্রেক্ষিতে উক্ত ট্রাস্টি বোর্ডের আর্থিক সহায়তা প্রদান কার্যক্রম শুরু হয়েছে। সড়ক দুর্ঘটনায় ক্ষতিগ্রস্ত পরিবারসমূহকে ক্ষতিপূরণ প্রদানের এ কার্যক্রম জনসাধারণের মধ্যে ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো।

০২। সড়ক পরিবহন বিধিমালা, ২০২২ অনুযায়ী ট্রাস্টি বোর্ডের অনুকূলে সড়ক দুর্ঘটনায় ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের দাখিলকৃত আর্থিক সহায়তা প্রাপ্তির আবেদনের (সংযুক্তিসহ) সত্যতা যাচাই-বাছাই এবং তদন্ত কার্যক্রম পরিচালনার জন্য গৃহীত আবেদন সংশ্লিষ্ট সার্কেলসমূহে প্রেরণ করা হচ্ছে। সড়ক দুর্ঘটনায় ক্ষতিগ্রস্ত পরিবারসমূহকে আর্থিক সাহায্যের লক্ষ্যে সর্বোচ্চ আন্তরিকতা ও স্বচ্ছতার সাথে বিস্তারিত তদন্তপূর্বক জরুরী ভিত্তিতে প্রতিবেদন প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।


(নুর মোহাম্মদ মজুমদার)
চেয়ারম্যান
ফোন : ৫৫০৪০৭১১

সহকারী পরিচালক (ইঞ্জিঃ)

.....সার্কেল.....(সকল)

বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ)।

অনুলিপি (সদয় অবগতির জন্য):

- ০১। পরিচালক (এনফোর্সমেন্ট/অডিট ও আইন/ প্রশাসন), বিআরটিএ সদর কার্যালয়, বনানী, ঢাকা-১২১২।
- ০২। পরিচালক (ইঞ্জিঃ/অপারেশন/রোড সেফটি/ প্রশিক্ষণ), বিআরটিএ সদর কার্যালয়, বনানী, ঢাকা-১২১২।
- ০৩। পরিচালক (ইঞ্জিঃ), ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল/রংপুর/ময়মনসিংহ, বিআরটিএ বিভাগীয় কার্যালয়।
- ০৪। সহকারী প্রোগ্রামার, বিআরটিএ সদর কার্যালয়, বনানী, ঢাকা-১২১২ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৫। মহাসচিব, বাংলাদেশ সড়ক পরিবহন মালিক সমিতি, ১১৭ কাজী নজরুল ইসলাম এভিনিউ, রমনা, ঢাকা।
- ০৬। সাধারণ সম্পাদক, বাংলাদেশ সড়ক পরিবহন শ্রমিক ফেডারেশন, ২৮, রাজউক এভিনিউ, ঢাকা।
- ০৭। অফিস কপি/ সংশ্লিষ্ট নথি।